গাংনীতে প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলা প্রাণিসম্পদ অফিসের উদ্যোগে প্রাণী সম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রাণিসম্পদ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক প্রধান অতিথি হিসেবে থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

উপজেলা সহকারী কমিশনার নাদির হোসেন শামীমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা ট্রেনিং অফিসার ডাঃ শেখ মোঃ মশিউর রহমান। এসময় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের প্রাণিসম্পদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং খামারিরা উপস্থিত ছিলেন।

৫০ টি স্টলের মাধ্যমে গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগি ও কবুতরসহ বিভিন্ন রকম প্রাণীর প্রদর্শন করা হয়।

গাংনীতে জাতীয় বীমা দিবস পালিত

জাতীয় বীমা দিবস উপলক্ষে গাংনীতে উপজেলা প্রশাসনের আয়োজন শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার(০১ মার্চ) সকাল সাড়ে ৯ টার সময় সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে একটি শোভাযাত্রা বের করা হয়। উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে প্রথম গেট দিয়ে বের হয়ে দ্বিতীয় গেট দিয়ে ঢুকে একই স্থানে শেষ হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ফারহানা ইয়াসমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা সহিদুর রহমান, উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন বীমা কোম্পানির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ সভাকক্ষে সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনীতে কৃষক হত্যা মামলায় কৃষকলীগ নেতা আতিয়ার সহ ৮ জনের যাবজ্জীবন

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা গ্রামের কৃষক এনামুল হক নইলো হত্যা মামলায় গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ার রহমানসহ ৮ জনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত।

আজ মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক শহিদুল্লাহ আসামীদের উপস্থিতিতে এ রায় প্রদান করেন।

দণ্ডিতরা হলেন- ধলা গ্রামের ছইফতুল্লাহর ছেলে আতিয়ার রহমান, মহব্বত আলীর ছেলে ছামিদুল ইসলাম, রহমতুল্লাহর ছেলে শাহার আলী, শাহার আলীর ছেলে টিপু সুলতান, গোলাম হোসেনের ছেলে আব্দুল খালেক, আহম্মদ আলীর ছেলে আক্তারুজ্জামান, জার্মান ওরফে দফের আলীর ছেলে মান্নান ওরফে মানা ও আজিত বক্সের ছেলে জিল্লুর রহমান।

মামলার বিবরনে জানা যায়, ২০১৭ সালের ২৯ জুলাই সন্ধ্যায় ধলা গ্রামের আক্কাস আলীর ছেলে এনামুল হক নইলোকে পূর্ব শত্রুতার জেরে স্থানীয় নওপাড়া নবীনপুর ঈদগাহ ময়দানের পাশে হত্যা করে গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ারসহ ৯ জন। এ ব্যাপারে নিহতের ভাই আজমাইন হোসেন টুটুল বাদী হয়ে গাংনী থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার নং ৩৪। সেশন ১৬৯/১৮ ও জিআর ২৪১/১৭। পরবর্তীতে মামলাটি সিআইডিতে স্থানান্তর করা হয়। সিআইডির উপ-পরিদর্শক হাসান

ইমাম মামলার তদন্ত শেষে ৮ জনের বিরুদ্ধে আদালতে চার্জশীট প্রদান করেন।

বিজ্ঞ আদালত বাদী বিবাদী পক্ষের আইনজীবীর যুক্তিতর্ক ও ১৫ জন স্বাক্ষিদের সাক্ষ্য গ্রহণ শেষে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় প্রত্যেককে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ড প্রদান করেন।

মামলায় রাষ্ট্রপক্ষে কৌশলী ছিলেন (পিপি) পল্লব ভট্টাচার্য ও আসামী পক্ষের কৌশলী ছিলেন একেএম শফিকুল আলম।

পরে দণ্ডিতদেরকে মেহেরপুর জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা সংস্কারের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) অর্থায়নে আইআরডি-৩ প্রকল্পে সড়ক সংস্কার কাজের নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে।

উপজেলার করমদী হতে কল্যানপুর কালিতলা পর্যন্ত প্রায় ১ কোটি ১০ লাখ টাকা ব্যায়ে দেড় (১.৫) কিলোমিটার রাস্তা নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান চুয়াডাঙ্গার মেসার্স আরএম ব্রিক্স।

জানাগেছে, অনিয়মের অভিযোগে বন্ধ করে দেওয়া হয় কাজ। প্রাইম কোড দিলেও নিয়ম না মেনেই সময়ের আগেই কার্পেটিং শুরু করেছে। প্রাইম কোড দেওয়ার পরে ট্যাগকোড দেওয়ার নির্শনা থাকলেও তা সঠিকভাবে দেওয়া হচ্ছে না। অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে রাস্তার দুই পাশের কাটা মাটির মিশ্রিত বালি দিয়ে বক্স না করেই নিম্নমানের ইট, খোয়া ও কার্পেটিংয়ে নিম্নমানের নির্মান সামগ্রী ব্যবহার করা হচ্ছে রাস্তায়। এলাকাবাসীর অভিযোগের প্রেক্ষিতে এলজিইডি কর্তৃপক্ষ কাজ বন্ধ করে দিলেও তিনি স্থান ত্যাগ করলেই আবরও কাজ শুরু করে

ঠিকাদারি প্রতিষ্ঠান। বিটুমিন ও পাথরের মিশ্রন ঠিক হয়নি তাই মালামাল সরিয়ে নিতে নির্দেশ দিয়ে কাজ বন্ধ করে দেন মেহেরপুর এলজিইডির সহকারী প্রকৌশলী নিঝুম আফরিন।

স্থানীয়দের অভিযোগ, গাংনী উপজেলায় উন্নয়নমূলক কাজের জন্য সরকার বছর বছর কোটি কোটি টাকা বরাদ্দ দিলেও সংশ্লিষ্টদের অনিয়ম ও দুর্নীতির কারণে কাজের কাজ কিছুই হচ্ছে না। প্রকল্প গুলোতে নিম্নমানের নির্মান সামগ্রী ব্যবহারের ফলে কিছু দিনের মধ্যেই রাস্তাটি ভেঙ্গে জলে যাচ্ছে সরকারি টাকা। কয়েক মাস যেতে না যেতেই ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে এসব সড়ক। ফলে দূর্ভোগের শিকার হতে হয় এলাকাবাসীদের।
স্থানীয় যুবক শামীম হোসেন জানান, রাস্তার কাজে অনিয়মের শেষ নেই। নিম্নমানের পিচ, পাথর দিয়ে তৈরি হচ্ছে রাস্তা।

তিনি আরো বলেন, বিটুমিন মেশানোর মেশিনের কালো ধোঁয়ায় আমার ১৭দিন বয়সী শিশুর শ্বাসকষ্টসহ আশেপাশে মানুষের অনেক সমস্যা হচ্ছে। কিন্তু কেউ প্রতিবাদ করতে মাহস করেনি।

ঠিকাদার প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী শিশির আহাম্মেদ জানান, বিটুমিনে অতিরিক্ত তাপ হওয়ার কারনে কিছুটা সমস্যা হয়।পরে ওই বিটুমিন অপসারণ করে নতুন বিটুমিন দিয়ে কাজ চলছে।

তেতুঁলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস জানান, আমি গত তিনদিন আগে রাস্তাটি পরিদর্শন করেছি। একদমই নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা তৈরি হচ্ছে। উপজেলা ইঞ্জিনিয়ারকে ইতিমধ্যে জানানো হয়েছে।

গাংনী উপজেলা এলজিডির প্রকৌশলী ফয়সাল হোসেন জানান, রাস্তাটি সকালে আমি পরিদর্শন করে এসেছি। তাদেরকে ট্যাগ কোড দিতে বলা হয়েছে। তারা যদি সঠিক কাজ না করে তাহলে আমি কাজ বন্ধ করে দিব।

মেহেরপুর এলজিডির নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন জানান, এলাকাবাসীর অভিযোগের প্রেক্ষিতে একটি টিম পরিদর্শন করে এর সত্যতা পেয়েছে। বিটুমিনের যে পরিমাণ তাপমাত্রা দেওয়ার কথা ছিল তার থেকে অধিক পরিমাণ তাপমাত্রা দেওয়াই বিটুমিনগুলোকে ফেলে দেয়ার জন্য বলা হয়েছে।

[redacted]

[redacted]

এ ব্যাপারে মীর হাবিবুল বাসার জানান, প্রতিটি অফিসের কর্মকর্তা নিজ নিজ কাজে ব্যস্ত আর জনপ্রতিনিধিরাও কাজে ব্যস্ত থাকায় কর্মশালায় পুরো সময় দিতে পারেন নি। আবার অনেকেই এসে স্বাক্ষর করেছেন। কারো কিছু বলার থাকে না। তাছাড়া প্রশিক্ষক যোহর নামাজের বিরতী না নিয়ে টানা প্রশিক্ষণ দিয়ে কর্মশালা সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এটি কোন নিয়মের মধ্যে পড়ে কি না জানতে চাইলে বিষয়টি এড়িয়ে যান উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

গাংনীতে ঈমামদের সাথে মতবিনিময় সভায় এমপি খোকন

আওয়ামীলীগ সরকার আলেম ওলামাদের যথাযথ মর্যাদা, সম্মান ও শ্রদ্ধা করেন। মাননীয় প্রধানমন্ত্রী দেশ রত্ন শেখ হাসিনা নিজেও আলেম ওলামাদের সম্মান ও শ্রদ্ধা করেন। মুসলিম দেশ হিসেবে একমাত্র আওয়ামীলীগ সরকারই দেশের প্রতিটি উপজেলায় একটি করে দৃষ্টি নন্দন মডেল মসজিদ নির্মাণ করেছেন। যাতে মানুষ একত্রিত হয়ে স্বাচ্ছন্দে সালাত আদায় করতে পারেন।

কোরআন ও হাদিস অনুযায়ী মানুষকে সঠিক শিক্ষা ও সঠিক বয়ানের মাধ্যমে মানুষকে বিপথ থেকে রক্ষা করা এবং কোরআন হাদিসের সঠিক ব্যাক্ষা বোঝানো প্রতিটি ঈমামের দায়িত্ব বলে মন্তব্য করেছে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। শনিবার বেলা ১১ টার সময় গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে উপজেলা ঈমাম সমিতি আয়োজিত মতবিনিময় ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এমপি সাহিদুজ্জামান আরও বলেন একজন ঈমাম সেই মহল্লার সর্বোচ্চ সম্মানীত মানুষ। আমি ব্যক্তিগত ভাবেও আলেম ওলামাদের প্রতি সব সময় শ্রদ্ধা জানিয়ে আসছেন। ঈমামদেও কাছে তিনি নেতা হিসেবে নয়, ভাই হয়ে থাকার প্রত্যয় ব্যাক্ত করেন এমপি সাহিদুজ্জামান। তিনি বলেন, ঈমামদের কথা,আলেম ওলামাদের তার কথা সব মানুষ বিশ্বাস করে এবং গ্রহন করে। কারন আলেম ওলামারা কোরআন ও হাদিসের আলোকে কথা বলেন।

মানুষকে একজন মানবিক মানুষ হিসেবে গড়ে তোলার জন্য আলেম ওলামাদের কোন বিকল্প নেই । তাই মানুষকে জঙ্গি ও সন্ত্রাসবাদ থেকে সচেতন করা ঈমামদের সঠিক দায়িত্ব পালন খুবই গুরুত্বপুর্ণ ভুমিকা রাখবে বলে বিশ্বাস করেন তিনি।

গাংনী দারুচ্ছালাম জামে মসজিদের ঈমাম মওলানা রুহুল আমিনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী ঈদগাহ পরিচালনা কমিটির সভাপতি হাজী মহসিন আলী, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ এনামুল হক. ও হাফেজ মাওলানা রোকুনুজ্জামান।

মতবিনিময় শেষ উপজেলার প্রতিটি জামে মসজিদের ঈমামদের মাঝে জায়নামাজ,টুপি,তসবিহ বিতরণ করা হয়।

গাংনীতে ছেলের হাতে বাবা খুন

মেহেরপুরের গাংনীতে মানষিক প্রতিবন্ধী ছেলে সুজন আলীর ধারালো অস্ত্রের আঘাতে বাবা আফেল উদ্দীন (৬০) খুন হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০ টায় উপজেলার কাজিপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা কালিতলা পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত আফেল উদ্দীন হাড়াভাঙ্গা কালিতলা পাড়ায় ইয়াদ আলীর ছেলে।

আফেল উদ্দীনের স্ত্রী তহমিনা খাতুন জানান,সুজন আলী ও তার বাবা আফেল উদ্দীন দুজনে বাড়িতে থাকাবস্থায় তিনি বাড়ির পার্শে একটি দোকানে ডিম কিনতে যায় সেখান থেকে বাড়ি ফিরে স্বামীর রক্তাক্ত মরদেহ পড়ে থাকতে দেখেন। এসময় ছেলে সুজন আলীকে বাড়িতে পাওয়া যায়নি। ধারনা করা হচ্ছে সুজন তার বাবাকে ধারালো অস্ত্র দিয়ে মাথায় আঘাত করে হত্যা করে পালিয়ে যায়।

ইউপি সদস্য মো: মহিবুল ইসলাম বলেন,ইতোপূর্বে সুজন আলী তার বাবাকে মারধর করেছে বলে প্রতিবেশি সূত্রে জানতে পেরেছেন। তবে সে মানষিক প্রতিবন্ধী বেশ কিছু দিন রাজশাহী,পাবনা সহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। সুজন বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্র ছিলো। মানষিক সমস্যার কারনে তার জীবন নষ্ট হয়ে গেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক বলেন,সুজন আলী পলাতক রয়েছে। ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়না তদন্ত করার জন্য মর্গে প্রেরন করা হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে একাডেমি চত্বরে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের ভিত্তি প্রস্থর কাজের উদ্বোধন করেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজৃজামান খোকন।

প্রভাষক শফি কামাল পলাশ এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজউদ্দীন, এনামুল হক,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মাওলানা আব্দুল কাদের, হাফিজুর রহমান মানিক, মাওলানা খালেদ সাইফুল্লাহ, সাংবাদিক রফিকুল আলম বকুল ও মাদ্রাসার পরিচালক গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের ঈমাম হাফেজ মাওলানা রুহুল আমিন। অনুষ্ঠানে গাংনী বাজারের ব্যবসায়ী শিক্ষকগণ ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলী মাদ্রাসার প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে সাহিদুজ্জামান খোজন এমপি বলেন, এই একাডেমির প্রতিষ্ঠার মাধ্যমে হাজী মহসিন তার ভাল কাজের মাধ্যমে বেঁচে থাকবেন। এলাকার মানুষের কল্যাণে ও ইসলামের খেদমতে এই

প্রতিষ্ঠান কাজ করে যাবে। তিনি এই প্রতিষ্ঠানে বিভিন্ন ভাবে সহযোগিতার জন্য সবাইকে আহবান জানান।

তিনি বলেন, সবচেয়ে ভাল কাজের মধ্যে এটা একটি। এই প্রতিষ্ঠানে জন্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন তিনি। আলোচনা শেষে ভিত্তি প্রস্থর স্থাপন করা হয় ও দোয়া ও মোনাজাত পরিচলনা করা হয়। দোয়া পরিচালনা করেন মাওলানা আব্দুল কাদের। আমন্ত্রিত সকলের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা করা হয়।

গাংনীর নওয়াপাড়া গ্রামে পুর্ব শত্রুতার জেরে দু’পক্ষের মারমারিতে উভয় পক্ষের আহত-১২

গাংনীর নওপাড়া গ্রামে পুর্ব শত্রুতার জের ধরে দু’পক্ষের মারামারিতে উভয় পক্ষের অন্তত ১২জন আহত হয়েছে। গত রবিবার বিকেল ৫টার দিকে নওয়াপাড়া বাজারে মারামারির ঘটনা ঘটে। এঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

এক পক্ষের আহতরা হলো- নওয়াপাড়া নবীনপরের আবু তালেবের ছেলে সুমন(২৮),সলেমানের ছেলে সাহরী(১৭),ভিটাপাড়া গ্রামের মৃত ইদ্রিস আলীর ছেলে মহিবুল(৫০),নবীনপুরের মৃত সোনা মল্লিকের ছেলে খোকন(৫০), ও মোজাম্মেলের ছেলে বিশু।

অন্যদিকে খোকনদের পক্ষের হামলায় আহতরা হলো-নওয়াপাড়া গ্রামের মৃত ছহিরুদ্দীনের ছেলে সুমন(২৫), রাজিবুল (৪৫), শহিদুলের ছেলে সায়িম(১৪), একরামুলের ছেলে সাইদ(১৭) আহাম্মদের ছেলে অমিত (১৬) এবং আবুল কাশেমের ছেলে মহিবুল(৩৫)।

আহতদের মধ্যে নবীনপুর গ্রামের আবু জেহেলের ছেলে সুমনের অবস্থা আশংকা জনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকীদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আলোচন সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচন সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠান করেছে গাংনী উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার ২১ শে ফেব্রুয়ারী সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের সভা কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপত্বি করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুন।

প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। এসময় উপজেলা সহকারি (ভ’মি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাদির হোসেন শামীম,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহম্মেদ, উপজেলা মৎস্য কর্মকর্তা সহিদুর রহমান, বিআরডিবি কর্মকর্তা মুস্তাফিজুর রহমান সহ উপজেলার সরকারি সকল কর্মকর্তা কর্মচারি, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে রচনা প্রতিযোগীতা ও চিত্রাংকণ প্রতিযোগীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথি বৃন্দরা। তিনটি ক্যাটাগরিতে প্রতিযোগীতায় ১৪জন প্রতিযোগীকে পুরুস্কার প্রদান করা হয়েছে।